'শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ'

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001:2008, ISO 14001:2004 & OHSAS 18001:2007 Certified

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) এর দপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,ঢাকা
নিকুঞ্জ-২,খিলক্ষেত,ঢাকা-১২২৯
ফোন নং- ৮৯০০৫১৩ খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইলঃ rebseict@gmail.com
website: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.২৬৩৭.১১২.০২.১৩৩.১৭. ২৭৫ তারিখঃ ১৩/০৪/২০১৭ ইং

**বিষয়ঃ বাপবিবোর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হেদায়েতুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা। |
| সভার তারিখ | : | ১০/০৪/২০১৭ ইং |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

১। উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় ।উক্ত সভায় বাপবিবোর ইনোভেশন কার্যক্রম সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং নিম্নের ছকে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ।

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ইনোভেশন টিম পুনঃগঠন | ইতোমধ্যে বাপবিবোর ইনোভেশন অফিসার পরিবর্তন হয়েছে, ফলে পূর্ণাঙ্গ ইনোভেশন কমিটিও পুনঃগঠন করা প্রয়োজন। | ইনোভেশন টিমের অন্যান্য সদস্যদের অন্তর্ভুক্ত করে পূর্ণাঙ্গ টিম গঠনের জন্য পরিচালক, কর্মচারী প্রশাসন, বাপবিবোকে অনুরোধ জানানো হবে। | আইসিটি দপ্তর |
| ০২ | ইনোভেশনের উপর প্রশিক্ষণ প্রদান | মন্ত্রী পরিষদ বিভাগের ইনোভেশন কমিটির নির্দেশনার আলোকে ২ (দুই) দিনের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষন আয়োজন করা প্রয়োজন, যা বাপবিবোতে অদ্যাবধি আয়োজন করা হয়নি। | প্রাথমিক পর্যায়ে বাপবিবোর কর্মকর্তাদের জন্য a2i এর প্রশিক্ষক দ্বারা ইনোভেশনের উপর প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। পরবর্তীতে পবিসসমূহের কর্মকর্তাদের প্রশিক্ষণের আওতায় নিয়ে আসা হবে। | ইনোভেশন কমিটি ও প্রশিক্ষণ পরিদপ্তর |
| ০৩ | মেন্টর নিয়োগ / মনোনয়ন সংক্রান্ত | মন্ত্রী পরিষদ বিভাগের ইনোভেশন কমিটির নির্দেশনার আলোকে বাপবিবোতে মেন্টর নিয়োগ/মনোনয়ন করা প্রয়োজন। | উপর্যুক্ত ২ (দুই) দিনের প্রশিক্ষণ সমাপনান্তে মেন্টর নিয়োগ করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ০৪ | কর্ম পরিকল্পনা ২০১৭ পর্যালোচনা | কর্ম পরিকল্পনা-২০১৭ এর বিস্তারিত পর্যালোচনা শেষে ইতোমধ্যে আইসিটি দপ্তর কর্তৃক বিদ্যুৎ বিভাগে প্রেরিত নতুন ৫টি উদ্ভাবনী বিষয় অন্তর্ভুক্ত করে "কর্ম পরিকল্পনা – ২০১৭„ পুণপ্রনয়ন করা প্রয়োজন মর্মে সকলে একমত পোষন করেন। | নিম্ন-বর্ণিত নতুন ৫টি বিষয়সহ "কর্ম পরিকল্পনা -২০১৭„ পূণ প্রনয়ণ (সংশোধন) করতে হবে।<br>1. TMLM 2. IMRAS 3. MyPBS<br>4. অনলাইনে গ্রাহক সংযোগ সফটওয়্যার।<br>5. Video Conferencing. | ইনোভেশন কমিটি |
| ০৫ | বিদ্যুৎ সংযোগ ও বিল প্রদান সহজীকরণ | উক্ত বিষয়ের উপর ইতোমধ্যে বাপবিবোর মনোনীত প্রতিনিধিগণ a2i কর্তৃক আয়োজিত এতদসংক্রান্ত কর্মশালায় অংশ গ্রহণ করেছেন এবং কর্মশালার আলোকে আইসিটি দপ্তরের নিজস্ব জনবল দ্বারা সফটওয়ার উন্নয়নের কাজ চলমান রয়েছে। | শীঘ্রই ঢাকা পবিস-৪, ময়মনসিংহ পবিস-২ এবং যশোর পবিস-১ এ পাইলট ভিত্তিতে বাস্তবায়ন শুরু করা হবে। | আইসিটি দপ্তর |
| ০৬ | ই-ফাইল বাস্তবায়ন | ইতোমধ্যে বাপবিবোর অর্গানোগ্রামের সঠিকতা নির্ণয়সহ ৬টি দপ্তরের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ট্রেনিং সার্ভারে ই-ফাইলিং কার্যক্রম চলমান রয়েছে। | এপ্রিল,১৭ মাসের মধ্যে লাইভ সার্ভারে ই-ফাইলিং কার্যক্রম শুরু করা হবে। | আইসিটি দপ্তর ও প্রশিক্ষণ পরিদপ্তর |
| ০৭ | বাপবিবোর ওয়েবসাইট জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তর। | ইতোমধ্যে জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তরিত করা হয়েছে | নিয়মিত আপডেটসহ ওয়েবসাইটের সমৃদ্ধকরণ প্রক্রিয়া অব্যাহত থাকবে | আইসিটি দপ্তর |

| ক্র ম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৮ | ওয়েবসাইট বাংলায় রুপান্তর | ওয়েবসাইটটি ইংরেজী ও বাংলা (উভয়) ভাষায় করা হয়েছে। তবে কিছু কন্টেন্ট শুধু ইংরেজীতে আছে, যা বাংলায় রুপান্তর করা প্রয়োজন। | যে সকল কন্টেন্ট ইংরেজীতে আছে তা বাংলায়ও রুপান্তর করা হবে। | আইসিটি দপ্তর |
| ০৯ | PMIS-এর তথ্য হালনাগাদকরন (বাপোবিবো ও পবিসের তথ্য Update) | আইসিটি দপ্তর কর্তৃক PMIS-এর তথ্য হালনাগাদকরনের জন্য পবিস সমূহে পত্রজারী করা হয়েছে। বর্তমান প্রক্রিয়ায় PMIS এ তথ্য এন্ট্রির কাজটি দপ্তর/ পবিসসমূহের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। ফলে নির্ভুল তথ্য এন্ট্রির অনিশ্চয়তা থেকে যায়, যার ফলে পরবর্তীতে প্রশাসনিক জটিলতা সৃষ্টি হতে পারে । এমতাবস্থায় সম্ভাব্য জটিলতা নিরসণের লক্ষ্যে বাপবিবো এবং পবিসসমূহ কর্তৃক এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা নিশ্চিত করা প্রয়োজন। | বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে (কপ্রপ ও এইচ আর ডি) অবহিত করা হবে। | ইনোভেশন টিম |
| ১০ | পবিস সমূহে ইনোভেশন টিম গঠন | পবিস সমূহে ইনোভেশন কার্যক্রমের উন্নয়ণ সাধণের জন্য ইতোমধ্যে পত্রজারী করা হলেও ইনোভেশন টিম গঠিত না থাকায় পবিস সমূহ হতে আশানুরূপ ফলাফল পাওয়া যায়নি। | প্রতিটি পবিসে ৪ (চার) সদস্য বিশিষ্ট ইনোভেশন টীম গঠনের অনুরোধ জানিয়ে পবিস সমুহে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে | ইনোভেশন কমিটি |
| ১১ | সকল পবিসের জন্য Facebook Page প্রণয়নের উদ্যোগ গ্রহন ও মনিটরিং। | ইতোমধ্যে ফেসবুক পেইজ খোলা এবং উক্ত পেইজের লিঙ্ক প্রেরণের জন্য সমিতি সমূহকে আইসিটি দপ্তর কর্তৃক পত্রজারীর মাধ্যমে অবহিত করা হয়ে... | পবিস সমূহের ফেসবুক পেইজের সাথে বাপবিবোর পেইজ লিঙ্ক করা হবে এবং পবিস সমুহের ফেসবুক পেইজ "পাবলিক সার্ভিস ইনোভেশন অব বাংলাদেশ„ নামক পেইজের সাথে লিঙ্ক করতে হবে। | আইসিটি দপ্তর |
| ১২ | বাপবিবো/পবি-সের কর্মকর্তা/কর্মচারীদের ফেসবুকসহ অন্যান্য সোসাল মিডিয়া ব্যবহারে সচেতনতা বৃদ্ধি | বাপবিবোর জনকল্যাণ মূলক সকল কার্যক্রম জনসাধারনের নিকট তুলে ধরে সংস্থার ভাবমুর্তি উজ্জ্বল করার নিমিত্তে ফেসবুক পেইজে নিয়মিত বিভিন্ন পোস্ট, কমেন্ট শেয়ার করার লক্ষ্যে আইসিটি দপ্তর কর্তৃক সার্কুলারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু সচেতনতার অভাবে মাঝে মাঝে সংস্থার ভাবমূর্তি বিনষ্টে উক্ত পেইজে বিরুপ প্রচারনা পরিলক্ষিত হয়, যা ইতোমধ্যে ইনোভেশন টীমের দৃষ্টিগোচর হয়েছে। | ফেসবুকসহ সোসাল মিডিয়া ব্যবহারের উপর ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রনালয় কর্তৃক প্রনয়নকৃত নির্দেশনার আলোকে পত্রজারী করা হবে। | আইসিটি দপ্তর |
| ১৩ | মাসিক সভা সংক্রান্ত | ইনোভেশন টিমের নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান নিশ্চিত করা প্রয়োজন। | প্রতি মাসের ২য় সোমবার ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠিত হবে। | ইনোভেশন টিম |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৮/৪/১৭

(হেদায়েতুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
ইনোভেশন অফিসার, বাপবিবো

অনুলিপি :

১। চীফ ইনোভেশন অফিসার , বিদ্যুৎ বিভাগ।
(দৃষ্টি আকর্ষনঃ জনাব হুমায়ুন কবির, প্রোগ্রামার)
২। নির্বাহী পরিচালক ,নির্বাহী পরিচালকের দপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। পরিচালক, পবিস ব্যঃ (কেঃ অঃ/উঃঅ/দঃঅ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,সকল পবিস।
৫। একান্ত সচিব,চেয়ারম্যান , বাপবিবো ,ঢাকা।
৬। একান্ত সচিব, সদস্য (অর্থ/ প্রশাসন/ ডিএন্ডও /সমিতি ব্যবস্থাপনা/ /পিএন্ড ডি/), বাপবিবো ,ঢাকা।
৭। জনাব তপন কুমার গোলদার, সিস্টেম এনালিষ্ট, আইসিটি দপ্তর ও সদস্য ইনোভেশন টিম, বাপবিবো।
৮। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-পরিচালক, পবিস উঃ ও পঃ (উঃ) ও সদস্য ইনোভেশন টিম, বাপবিবো।
৯। জনাব আবু লাইস মোঃ মাহমুদুর রহমান, উপ-পরিচালক (চঃদাঃ), এমপিএসএস পরিদপ্তর ও সদস্য ইনোভেশন টিম, বাপবিবো।
১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি,বাপবিবো,ঢাকা (ওয়েবসাইট ও ফেইসবুক পেজ এ প্রকাশ করার অনুরোধসহ)।